# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩৪

১/ বিবিধ

আরবী

ثلاثة يزدن في قوة البصر: النظر إلى الخضرة، وإلى الماء الجاري، وإلى الوجه الحسن

موضوع

أورده ابن الجوزي في " الموضوعات " (1 / 163) من طريق وهب بن وهب القرشي عن جعفر بن محمد الصادق عن أبيه عن علي بن الحسين عن جده علي بن أبي طالب مرفوعا

وقال ابن الجوزي: باطل، وهب كذاب

وتعقبه السيوطي في " اللآليء " (1 / 115 ـ 117) بأن له طرقا أخرى يرقي الحديث بها عن درجة الوضع، ثم ساقها من حديث ابن عمرو وبريدة وعائشة وجابر وقد تقدم قبل هذا وأبي سعيد الخدري وابن عباس موقوفا عليه

قلت: وكل من هذه الطرق فيها ضعيف أو مجهول أو متهم، وبيان ذلك مما يطول به الكلام جدا فاكتفيت بالإشارة، والحكم على هذا الحديث وما في معناه بالوضع من قبل معناه أقوى من الحكم عليه به من جهة الإسناد، فقد قال ابن القيم رحمه الله في رسالته " المنار ": فصل: ونحن ننبه على أمور كلية يعرف بها كون الحديث موضوعا، ثم ذكر في بيان ذلك فصولا قيمة جدا نقلها عنه الشيخ على القاري في " خاتمة الموضوعات " قال (ص 109) : فصل: ومنها أن يكون الحديث لا يشبه كلام الأنبياء بل لا يشبه كلام الصحابة كحديث: " ثلاثة يزدن في البصر: النظر إلى الخضرة،

والوجه الحسن، وهذا الكلام مما يجل عنه أبوهريرة وابن عباس بل سعيد بن المسيب والحسن، بل أحمد ومالك

وتعقبه الشيخ القاري بأنه ضعيف لا موضوع

قلت: لا تعارض بين قوليهما فهو ضعيف سندا موضوع متنا، وقد سبق لهذا بعض الأمثلة

বাংলা

১৩৪। তিনটি বস্তু দৃষ্টিশক্তি বৃদ্ধি করেঃ সবুজ বর্ণ, প্রবাহিত পানি ও সুন্দর চেহারার দিকে দৃষ্টি দান।

হাদীসটি জাল।

ইবনুল জাওযী এটিকে “মাওযূ’আত” গ্রন্থে (১/১৬৩) ওয়াহাব ইবনু ওয়াহাব সূত্রে ... উল্লেখ করে বলেছেনঃ باطل، وهب كذاب হাদীসটি বাতিল ওয়াহাব একজন মিথ্যুক।

সুয়ূতী “আল-লাআলী” গ্রন্থে (১/১১৫-১১৭) তার সমালোচনা করে বলেছেনঃ হাদীসটির একাধিক সূত্র রয়েছে। যা হাদীসটিকে জালের পর্যায় হতে বের করে নিয়ে আসে।

আমি (আলবানী) বলছিঃ এটির সুত্রগুলোতে হয় দুর্বল, না হয় মাজহুল, না হয় মিথ্যার দোষে দোষী বর্ণনাকারী রয়েছেন। ইবনুল কাইয়্যিম তার “আল-মানার” গ্রন্থে জাল হাদীস চেনার উপায় বলতে গিয়ে বলেছেনঃ (যা শাইখ আল-কারী তার “মাওযুআত” গ্রন্থে (পৃ. ১০৯) উল্লেখ করেছেন) হাদীসটি নবীদের কথার সাথে পূর্ণ হবে না, এমনকি সাহাবীদের কথার সাথেও মিলবে না, যেমন বলে এ হাদিসটি উল্লেখ করেছেন। অতঃপর শাইখ আল-কারী তার সমালোচনা করে বলেছেনঃ এটি দুর্বল জাল নয়।

আমি (আলবানী) বলছিঃ তাদের উভয়ের কথার মধ্যে কোন মতভেদ নেই। কারণ এটি সনদের দিক দিয়ে দুর্বল এবং মতনের (ভাষার) দিক দিয়ে জাল।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5395

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন